

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ২. ১১. জালুতকে হত্যা করল কে? দাউদ না ইলহানন?

শম্য়েল পুস্তকের আরেকটা বৈপরীত্য জালুতের হত্যাকারীর পরিচয়। প্রাচীন ফিলিস্তিনের পাঁচটা নগর রাজ্যের একটা গাথ (Gath)। এ রাজ্যের প্রসিদ্ধ মহাবীর ছিলেন জালূত, গালূত বা গলিয়াৎ (Goliath)। তিনি গাথের গলিয়ত বা গাথীয় গলিয়ত (Goliath of Gath/ Goliath the Gittite)।

১ শমূরেল ১৭ অধ্যায়ের দাউদ কর্তৃক জালুত হত্যার কাহিনী বিদ্যমান: "ফিলিস্তিনীদের পক্ষ থেকে জালুত নামে এক বীর যোদ্ধ তাদের সৈন্যদল থেকে বরে হয়ে আসল। সে ছিল গাৎ শহরের লোক। লম্বায় সে ছিল সাড়ে ছয় হাত... তার বর্শার ডাঁটিটা ছিল তাঁতীদের বীমের মত..। (১ শামুয়েল ১৭/৪-৭)। .... ঐ ফিলিস্তিনী যখন দাউদকে আক্রমণ করবার জন্য এগিয়ে আসতে লাগল তখন দাউদও তার কাছে যাবার জন্য বিপক্ষের সৈন্যদলের দিকে দৌড়ে গেলেন। আর তাঁর থলি থেকে একটা পাথর নিয়ে ফিংগাতে বসিয়ে ঘুরাতে ঘুরাতে সেই ফিলিস্তিনীর কপালে সেটা ছুঁড়ে মারলেন। পাথরটা তার কপালে বসে গেলে সে মুখ থুবড়ে পড়ে গেল। তখন দাউদ দৌড়ে গিয়ে সেই ফিলিস্তিনীর পাশে দাঁড়ালেন এবং তারই তলোয়ার খাপ থেকে টেনে বের করে নিয়ে তাকে হত্যা করলেন...।" (১ শামুয়েল ১৭/৪৮-৫০, মো.-০৬)

কিন্তু একই নবীর লেখা একই পুস্তকের দ্বিতীয় খণ্ড-, ২ শমূয়েল/ শামুয়েল ২১/১৯ শ্লোকে সম্পূর্ণ বিপরীত তথ্য দেওয়া হয়েছে: "গোবে ফিলিস্তিনীদের সংগে আর একটা যুদ্ধে বেথেলহেমীয় যারে-ওরগীমের ছেলে ইলহানন (Elhanan the son of Joareoregim) গাতীয় জালুতকে (Goliath the Gittite) হত্যা করল। এই জালুতের বর্শা ছিল তাঁতীদের বীমের মত। (২ শামুয়েল ২১/১৯, মো.-০৬)

এ বৈপরীত্য সত্যই অদ্ভুত। বাইবেলের প্রসিদ্ধতম গল্পের বিবরণে একই নবীর পুস্তকে সম্পূর্ণ বিপরীত বর্ণনা। তাঁতীদের বীমের মত বর্শাধারী এক জন 'জালুতকে' কয়বারে কতজন হত্যা করলেন? বেথলেহেমীয় যিশয়ের/ইয়াসিরের পুত্র দাউদ না বেথলেহেমীয় যারে-ওরগীমের ছেলে ইলহানন?

এ উদ্ভিট বৈপরীত্য গোপন করতে কিং জেমস ভার্শনে ২ শমূয়েল ২১/১৯ শ্লোকে দুটো শব্দ বৃদ্ধি করা হয়েছে। 'গলিয়ত' (জালুত) শব্দটার পরিবর্তে 'গলিয়তের ভাই' (the brother of Goliath) লেখা হয়েছে: "Elhanan .. slew the brother of Goliath": "ইলহানন ... জালূতের ভাইকে হত্যা করলেন।" বাইবেলের পরবর্তী সংস্করণগুলোতে এ সংযোজন বাদ দেওয়া হয়েছে। কারণ, বাইবেলের কোনো প্রাচীন পাণ্ডুলিপিতেই এ শ্লোকে 'the brother of' বা 'ভাই' কথাটা নেই। বরং সকল প্রাচীন পাণ্ডুলিপিতেই বলা হয়েছে যে, ইলহানন জালুতকেই হত্যা করেন। রিভাইজড স্টান্ডার্ড ভার্শন লেখেছে: "Elhanan... slew Goliath"। আমরা দেখেছি বাংলা অনুবাদগুলোতেও লেখা হয়েছে যে, ইলহানন স্বয়ং গলিয়ত বা জালুতকেই হত্যা করেন।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন